



উপজেলা মানব পাচার প্রতিরোধ কমিটির জানুয়ারি/২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী


সভাপতি : মিল্টন চন্দ্র রায়
উপজেলা নির্বাহী অফিসার, সদর, জয়পুরহাট
তারিখঃ : ১১/০১/২০২১ খ্রি.
সময় : বেলা ১২.০০ ঘটিকা
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, সদর, জয়পুরহাট
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপজেলা মানব পাচার প্রতিরোধ কমিটির সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। শুরুর্তেই গত ডিসেম্বর/২০২১ মাসে অনুষ্ঠিত উপজেলা মানব পাচার প্রতিরোধ কমিটির সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। পঠিত কার্যবিবরণী সম্পর্কে কোনরূপ সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। প্রসংগত সভায় উপস্থিত অফিসার-ইন-চার্জ জানান যে, বর্তমানে এ উপজেলায় মানব পাচারের কোন ঘটনা নেই। অতঃপর উপজেলার মানব পাচার প্রতিরোধ পরিস্থিতি সম্পর্কে এজেন্ডাভিত্তিক নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	মানব পাচার প্রতিরোধে ব্যবস্থা গ্রহণ	ক) মানব পাচার প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধিসহ মোটিভেশনাল কার্যক্রম জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়। খ) মানব পাচার প্রতিরোধে আইন-শৃংখলা বাহিনীর নজরদারী অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	মেয়র, জয়পুরহাট পৌরসভা, অফিসার-ইন-চার্জ, ক্ষেতলাল থানা, এবং চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)
০২	মানব পাচার প্রতিরোধে উঠান বৈঠক আয়োজন	মানব পাচার প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে নিয়মিত উঠান বৈঠক আয়োজনের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এবং উপজেলা তথ্যসেবা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এবং উপজেলা তথ্যসেবা কর্মকর্তা
০৩	উঠান বৈঠকের প্রতিবেদন দাখিল	মানব পাচার প্রতিরোধে আয়োজিত উঠান বৈঠকের মাসিক রিপোর্ট প্রতিমাসে দাখিল করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এবং উপজেলা তথ্যসেবা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এবং উপজেলা তথ্যসেবা কর্মকর্তা

০২। মানব পাচার প্রতিরোধ বিষয়ে আলোচনায় সভাপতি উল্লেখ করেন যে, মানব পাচার প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধির গুরুত্ব অপরিসীম। কোন স্থানে মানব পাচার বিষয়ক কোন ঘটনা ঘটামাত্র সে বিষয়ে তৎক্ষণাৎ তথ্য যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করার জন্য সকল সদস্যকে অনুরোধ জানানো হয়। মানব পাচার প্রতিরোধে নিয়মিত উঠান বৈঠক আয়োজনের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এবং উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, ক্ষেতলালকে অনুরোধ জানানো হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা


মিল্টন চন্দ্র রায়



উপজেলা নির্বাহী অফিসার
জয়পুরহাট সদর, জয়পুরহাট
ফোন নম্বরঃ ০৫৭১-৬২২৪১
unojoypurhat@mopa.gov.bd

স্মারক নম্বর-০৫.৪৩.৩৮৪৭.০০০.০৮.০০১.২০- ২৫৭

তারিখঃ ১১/০১/২০২১ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ০১। মাননীয় সদস্য, বাংলাদেশ জাতীয় সংসদ ও সংসদ সদস্য বাংলাদেশ জাতীয় সংসদ, ৩৪ জয়পুরহাট-১
- ০২। জেলা প্রশাসক, জয়পুরহাট
- ০৩। পুলিশ সুপার, জয়পুরহাট
- ০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জয়পুরহাট
- ০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জয়পুরহাট সদর, জয়পুরহাট
- ০৬। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট
- ০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জয়পুরহাট সদর, জয়পুরহাট
- ০৮। সহকারী কমিশনার (ভূমি), জয়পুরহাট সদর, জয়পুরহাট
- ০৯। উপজেলা.....অফিসার, জয়পুরহাট সদর, জয়পুরহাট
- ১০। অফিসার-ইন-চার্জ, সদর থানা, জয়পুরহাট
- ১১। চেয়ারম্যান, খলাহার/দোগাছী/ভাদসা/মোহাম্মাদাবাদ/পুরানাপৈল/আমদই/বম্বু/জামালপুর/চকবরকত ইউনিয়ন পরিষদ, জয়পুরহাট সদর, জয়পুরহাট
- ১২। সভাপতি/সাধারণ সম্পাদক.....
- ১৩। জনাব.....
- ১৪। অফিস কপি.....


উপজেলা নির্বাহী অফিসার
জয়পুরহাট সদর, জয়পুরহাট

১১/০১/২০২১